

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৬৩

১৮/ জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/৪০. আল্লাহর নাফরমানীমূলক কাজে আনুগত্য নেই

بَابِ لَا طَاعَةً فِي مَعْصِيَةِ اللهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرِو، عَنْ عُمَرَ بْنِ الْحَكَمِ بْنِ تَوْبَانَ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بَعَثَ عَلْقَمَةَ بْنَ مُجَزِّزٍ عَلَى بَعْثِ وَأَنَا فِيهِمْ فَلَمَّا انْتَهَى إِلَى رَأْسِ غَزَاتِهِ أَوْ كَانَ بِبَعْضِ الطَّرِيقِ اسْتَأْذَنَتُهُ طَائِفَةٌ مِنَ الْجَيْشِ فَأَذِنَ لَهُمْ وَأَمَّرَ عَلَيْهِمْ عَبْدَ اللَّهِ بْنَ حُذَافَةَ بْنِ قَيْسِ السَّهْمِيَّ اسْتَأْذَنَتُهُ طَائِفَةٌ مِنَ الْجَيْشِ فَأَذِنَ لَهُمْ وَأَمَّرَ عَلَيْهِمْ عَبْدَ اللَّهِ بْنَ حُذَافَةَ بْنِ قَيْسِ السَّهْمِيَّ فَكُنْتُ فِيمَنْ غَزَا مَعَهُ فَلَمَّا كَانَ بِبَعْضِ الطَّرِيقِ أَوْقَدَ الْقَوْمُ نَارًا لِيَصْطَلُوا أَوْ لِيَصْنَعُوا عَلَيْهُمْ عَبْدَ اللّهِ بْنَ حُذَافَةَ بْنِ قَيْسٍ السَّهْمِيَّ عَلَيْهُ وَلَيْسَ لِي عَلَيْكُمُ السَّمْعُ وَالطَّاعَةُ عَلَيْهَا صَنِيعًا فَقَالَ عَبْدُ اللّهِ _ وَكَانَتْ فِيهِ دُعَابَةٌ _ أَلَيْسَ لِي عَلَيْكُمُ السَّمْعُ وَالطَّاعَةُ عَلَيْهُا صَنِيعًا فَقَالَ عَبْدُ اللّهِ _ وكَانَتْ فِيهِ دُعَابَةٌ _ أَلَيْسَ لِي عَلَيْكُمُ السَّمْعُ وَالطَّاعَةُ وَالُوا بَلَى . قَالَ فَهَا أَنَا بِآمِرِكُمْ بِشَى عَ إِلاَّ صَنَعْتُمُوهُ قَالُوا نَعَمْ . قَالَ فَإِنِي أَعْزِمُ عَلَيْكُمْ إِلاَّ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّه عليه وسلم قَلْقَالً زَلُكَ لِلنَّبِيّ صلى الله عليه وسلم قَلَالَ رَسُولُ اللّهِ فَلاَ اللّهِ فَلاَ تُطِيعُوهُ " . فَقَالَ رَسُولُ اللّهِ فَلاَ اللّهِ عَلَيه وسلم " مَنْ أَمْرَكُمْ مِنْهُمْ بِمَعْصِيةِ اللّهِ فَلاَ تُطِيعُوهُ " .

বাংলা

১/২৮৬০। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আলকামা ইবনে মুজাযযিয (রাঃ) কে একটি সামরিক বাহিনীর অধিনায়ক নিয়োগ করেন। আমিও তাতে শরীক ছিলাম। তিনি যখন গন্তব্যে পৌঁছেন অথবা পথিমধ্যে ছিলেন, তখন একদল সৈন্য তার নিকট (কোন বিষয়ে) অনুমতি চাইলে তিনি তাদের অনুমতি দিলেন এবং আবদুল্লাহ ইবনে হুযাফা ইবনে কায়েস আস-সাহমী (রাঃ)-কে তাদের অধিনায়ক নিযুক্ত করেন। যেসব লোক আবদুল্লাহ (রাঃ) -র সঙ্গী হয়ে জিহাদ করেছে, আমিও তাদের সাথে ছিলাম। লোকেরা পথিমধ্যে ছিল। এ অবস্থায় একদল লোক উত্তাপ গ্রহণের জন্য অথবা অন্য কোন কাজে আগুন প্রজ্জ্বলিত করলো। আবদুল্লাহ (রাঃ) তাদের বলেন (তিনি কিছুটা রসিক প্রকৃতির ছিলেন), আমার নির্দেশ শোনা ও আনুগত্য করা কি তোমাদের জন্য বাধ্যতামূলক নয়? তারা বললো হ্যাঁ।



তিনি বলেন, আমি তোমাদেরকে যা করার নির্দেশই দিবো তোমরা কি তাই করবে? তারা বললো হাঁ। তিনি বলেন, আমি তোমাদেরকে চূড়ান্ত নির্দেশ দিচ্ছি যে, তোমরা এই আগুনে ঝাঁপিয়ে পড়ো। কতক লোক (আগুনে ঝাঁপ দেয়ার জন্য) দাঁড়িয়ে গেলো এবং কোমর বাঁধলো। তিনি যখন দেখলেন, লোকেরা সত্যিই আগুনে ঝাঁপ দিতে প্রস্তুত হয়েছে, তখন বললেন, থামো। আমি তোমাদের সাথে ঠাট্টা করেছি। (রাবী বলেন) আমরা ফিরে এলে লোকেরা মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ ঘটনা উল্লেখ করলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ কেউ তোমাদেরকে আল্লাহর নাফরমানি করার নির্দেশ দিলে তোমরা তার আনুগত্য করবে না।

English

It was narrated from Abu Sa'eed Al-Khudri that the Messenger of Allah (ﷺ) sent 'Algamah bin Mujazziz at the head of a detachment, and I was among them. When he reached the battle site, or when he was partway there, a group of the army asked permission to take a different route, and he gave them permission, and appointed 'Abdullah bin Hudhafah bin Qais As-Sahmi as their leader, and I was one of those who fought alongside with him. When we were partway there, the people lit a fire to warm themselves and cook some food. 'Abdullah, who was a man who liked to joke, said: "Do I not have the right that you should listen to me and obey?" They said: "Yes." He said: "And if I command you to do something, will you not do it?" They said: "Of course." He said: "Then I command you to jump into this fire." Some people got up and got ready to jump, and when he saw that they were about to jump, he said: "Restrain yourselves, for I was joking with you." When we came to Al-Madinah, they mentioned that to the Prophet (ﷺ), and the Messenger of Allah (ﷺ) said: "Whoever among you commands you to do something that involves disobedience to Allah, do not obey him."

ফুটনোট

আহমাদ ১১২৪৫, সহীহাহ ২৩২৪।

তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন আমর সম্পর্কে ইয়াহইয়া বিন সাঈদ আল-কাত্তান বলেন, তিনি সালিহ। ইবনু হিব্বান বলেন, তিনি কখনো হাদিস বর্ণনায় ভুল করেন। ইবনু আদী বলেন, তার হাদিস বর্ণনায় সমস্যা নেই। ইমাম নাসাঈ তাকে সিকাহ বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৫১৩, ২৬/২১২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন